



বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

প্রকাশের তারিখ : ১৪ মার্চ ২০২৩

হালনাগাদের তারিখ: ১৯ মার্চ ২০২৩

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী আগামী ১৭ থেকে ২২ মার্চ বাংলাদেশের সকল জেলায় হালকা থেকে ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সময় কোথাও কোথাও কালবৈশাখী ঝড় হতে পারে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে সকল জেলার জন্য নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- পরিপক্ব ফসল দ্রুত সংগ্রহ করে শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- বোরো ধানে ব্লাস্ট রোগের আক্রমণ দেখা দিতে পারে। ফসল রক্ষা করার জন্য ট্রাইসাইক্লোজল গুপের ছত্রাকনাশক যেমন ট্রুপার (৫০ গ্রাম ঔষধ ৬৪ লিটার পানিতে ভালোভাবে মিশিয়ে ১ বিঘা জমিতে) অথবা এজক্সিস্ট্রবিন গুপের ছত্রাকনাশক যেমন নাটিভো (৪০ গ্রাম ঔষধ ৬৪ লিটার পানিতে ভালোভাবে মিশিয়ে ১ বিঘা জমিতে) ৭-১০ দিন ব্যবধানে দুইবার স্প্রে করতে হবে।
- বোরো ধানে ব্যাকটেরিয়াল লীফ ব্লাইট রোগ দেখা দিতে পারে। এ রোগ থেকে ফসলকে রক্ষা করার জন্য ঝড় বৃষ্টি থেমে যাওয়ার পর বিঘা প্রতি ৫ কেজি পটাশ সার এবং ৩.৫ কেজি জিপসাম প্রয়োগ করতে হবে। তবে ধান গাছ যদি খোড় অবস্থা পার হয়ে থাকে তাহলে ১০ লিটার পানিতে ৬০ গ্রাম পটাশ সার, ৬০ গ্রাম থিওভিট এবং ২০ গ্রাম জিংক ভালোভাবে মিশ্রিত করে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে। ঝড় বৃষ্টির পর পর ইউরিয়া সার প্রয়োগ বন্ধ রাখুন।
- জমিতে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।
- বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- দন্ডায়মান কলাগাছ, আখ ও উদ্যানভিত্তিক ফসলের জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- বৃষ্টিপাতের পর জো অবস্থা আসলে পাট বীজ বপন করুন।



(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com